

শৈশব ইন্ডাস্ট্রি

তারিখ ... ..  
পৃষ্ঠা ৪ কলাম ... ..

০৭/১৯৬৬

প্রাথমিক বিদ্যালয়ের  
ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি  
গ্রহণে বিড়ম্বনা

ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় ৯টি ইউনিয়নে বিভিন্ন কাটাগরিব ১৩০টি প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে ৬৮টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে সরকারের উপবৃত্তি প্রকল্প চালু হয়েছে। গত ২৬ জানুয়ারী উপজেলা শিক্ষা কর্মকর্তা অনুযায়ী এ প্রকল্পের আওতায় মোট ৫৮০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে উপবৃত্তি বিতরণ করা হচ্ছে। কিন্তু দেখা যায় যে, প্রতিমাসে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ এসব বিদ্যালয়ে কোনো নোটিশ ছাড়াই আকস্মিকভাবে যেকোনো দিন টাকা বিতরণ করতে আসেন। এতে প্রধান শিক্ষকদের চুক্তিজনিত অনূপস্থিতি বা অন্যান্য প্রাসঙ্গিক কারণে বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তির টাকা গ্রহণে বিড়ম্বনা পোহাতে হচ্ছে। অভিভাবকের মাধ্যমে এই টাকা গ্রহণের ক্ষেত্রেও পোহাতে হয় দুর্ভোগ। উপবৃত্তিপ্রাপ্ত ছাত্র বা ছাত্রীর অভিভাবক সনাক্তকরণের ব্যাপারে শ্রেণী শিক্ষকের তুমিকতা খুবই গুরুত্বপূর্ণ। কাজেই সংশ্লিষ্ট বিতরণকারী কর্তৃপক্ষকে আগে নোটিশ দিয়ে ছাত্র-ছাত্রীদের দুর্ভোগ ঘোচানোর জন্য অনুরোধ জানাচ্ছি।

মোঃ আবদুল বাজ্বাক,  
দিল্লীপুর,  
নান্দাইল, ময়মনসিংহ।